

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রকল্প পরিচালকের কার্যালয়  
রিচিং আউট-অব-স্কুল চিলড্রেন (রক্ষ) ফেইজ-২ প্রকল্প  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬  
roscdhaka@gmail.com

স্মারক নং : প্রাশিঅ/রক্ষ ফেইজ-২/উপজেলা রক্ষ হিসাব/৫৭৮/২০১৬/৪০০

তারিখ : ০৫/০৩/২০১৭ খ্রিঃ।

বিষয় : উপজেলা রক্ষ হিসাব পরিচালনা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, রক্ষ ফেইজ-২ প্রকল্পের সংশোধিত ডিপিপি অনুযায়ী উপজেলা পর্যায়ে রক্ষ প্রকল্পের প্রশাসনিক ব্যবস্থাপনা ও মনিটরিং কার্যক্রম পরিচালনায় অর্থ ব্যয়ের জন্য সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসার ও রক্ষ ট্রেনিং কো-অর্ডিনেটর যৌথভাবে সোনালী ব্যাংক লিঃ এর সংশ্লিষ্ট শাখায় একটি পৃথক হিসাব পরিচালনা করবেন। উক্ত হিসাব পরিচালনার ক্ষেত্রে নিম্নবর্ণিত নিয়মাবলি প্রযোজ্য হবে :

- ক) যৌথ হিসাবটি চলতি হিসাবে পরিচালিত হবে, যার শিরোনাম হবে 'উপজেলা রক্ষ হিসাব, .....উপজেলা'। এই হিসাবে নিম্নোক্ত খাতে বরাদ্দ প্রদান করা হবে-
১. টিসি এবং মোবাইল পুল শিক্ষকদের মাসিক বেতন, বোনাস ও যাতায়াত ভাতা। তা প্রাপককে একাউন্ট পে চেকের মাধ্যমে প্রদান।
  ২. উপজেলা পর্যায়ে রক্ষ কর্মসূচি বাস্তবায়ন কমিটির কার্যক্রম পরিচালনার জন্য ত্রৈ-মাসিক ভিত্তিতে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা করে বছরে ২০,০০০/- (বিশ হাজার) টাকা।
  ৩. সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তা কর্তৃক আনন্দ স্কুল পরিদর্শন বাবদ নির্ধারিত টাকা।
- খ) অর্থ গ্রহণ ও ব্যয়ের আর্থিক ব্যবস্থাপনা নিশ্চয়তার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা ও ট্রেনিং কো-অর্ডিনেটর অর্ধ-বার্ষিক খরচ-বিবরণী উভয়ের যৌথ স্বাক্ষরে রক্ষ প্রকল্প অফিসে প্রেরণ করবেন।
- গ) উপজেলা রক্ষ হিসাবের যাবতীয় ব্যয় আর্থিক বিধি বিধান অনুযায়ী নিরীক্ষার (অডিট) আওতাধীন হবে।
- ২। এমতাবস্থায় বর্ণিত নীতিমালার আলোকে পত্র প্রাপ্তির ০৭ কর্মদিবসের মধ্যে ব্যাংক হিসাব খুলে হিসাবের নাম, হিসাব নম্বর ও সোনালী ব্যাংক শাখার নাম উল্লেখপূর্বক প্রকল্প কার্যালয়ে তথ্য প্রেরণের জন্য অনুরোধ করা হলো।



ড. এম. মিজানুর রহমান  
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)  
ফোন : ৫৫০৭৪৯২৫

উপজেলা শিক্ষা অফিসার

.....।

ট্রেনিং কো-অর্ডিনেটর

.....।

স্মারক নং : প্রাশিঅ/রক্ষ ফেইজ-২/উপজেলা রক্ষ হিসাব/৫৭৮/২০১৬/৪০০

তারিখ : ০৫/০৩/২০১৭ খ্রিঃ।

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

- ১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা এবং ব্যবস্থাপনা পরিচালক, প্রধান কার্যালয়, সোনালী ব্যাংক লিঃ, ঢাকা।
- ৪। ডেপুটি জেনারেল ম্যানেজার, সোনালী ব্যাংক লিঃ, বৈদেশিক বাণিজ্য কর্পো: শাখা, মতিঝিল, ঢাকা।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার..... উপজেলা।
- ৬। কো-অর্ডিনেটর, রক্ষ-২ এমআইএস সেল, এলজিইডি, ঢাকা।
- ৭। কো-অর্ডিনেটর, রক্ষ ট্রেনিং সেল, আইইআর, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৮। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার..... জেলা।
- ৯। শাখা ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, .....শাখা।
- ১০। অফিস কপি।



ড. এম. মিজানুর রহমান  
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)  
ফোন : ৫৫০৭৪৯২৫